দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 10 DEC 2017 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

# ভিকারুননিসায় প্রথম শ্রেণীর ভর্তির লটারি শুরু আজ

**স্টাফ রিপোর্টার ॥** আজ থেকে শুরু হচ্ছে ছাত্রীদের কাছে সবচেয়ে আকর্ষণীয় শিক্ষা প্রতিষ্ঠান ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজে নতুন শিক্ষাবর্ষে প্রথম শ্রেণীর ভর্তির লটারির ড্র। বেইলী রোডের মূল ক্যাম্পাসে আগামী ১৩ ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল আটটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ড্র অনুষ্ঠিত হবে। ভর্তি সংক্রান্ত তথ্য প্রতিষ্ঠানটির ওয়েবসাইটে (ীীী.হিংপ.বফঁ.নফ) পাওয়া যাচ্ছে। এদিকে মাধ্যমিক স্কুলে ষষ্ঠ শ্রেণীতে ভর্তির বয়স নিয়ে নানা তথ্য প্রকাশ হওয়ায় ভর্তি সংক্রান্ত জটিলতায় পড়েছে অনেক শিশু। আজ সঙ্কটের সমাধান করা হবে বলে বলছেন অধিদফতরের মহাপরিচালক।

নিজেদের প্রতিষ্ঠানে আজকের লটারি বিষয়ে ভিকারুননিসা নূনের পরিচালনা পর্ষদের সভাপতি গোলাম আশরাফ তালুকদার বলেছেন, আমাদের লটারির প্রস্তুতি শেষ। সরকারী নীতিমালার আলোকে সুন্দর পরিবেশে লটারির জন্য সকলের সহযোগিতায় আমরা প্রস্তুতি সম্পন্ন করেছি। আশা করি অত্যন্ত সুন্দর পরিবেশে লটারির ড্রসহ সকল ভর্তি কার্যক্রম আমরা সম্পন্ন করতে সক্ষম হব। তিনি জানান, প্রথম শ্রেণীর শাখাওয়ারি আসন সংখ্যা এখনও ঘোষণা করা হয়নি। আগামীকাল লটারির দিন চার শাখার আসন ঘোষণা করা হবে। সেসব আসনের প্রেক্ষিতে লটারি অনুষ্ঠিত হবে। দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণীতে ভর্তি শুরু বিষয়ে সভাপতি বলেন, স্কুলের বার্ষিক পরীক্ষার ফলের পর আসন সংখ্যা নির্ণয় করা হবে। আসন সংখ্যার ওপর ভিত্তি করে জানুয়ারির প্রথম সপ্তাহ থেকে দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণীর ভর্তি কার্যক্রম শুরু করা হবে। লটারির জন্য সকল প্রস্তুতি নেয়া হয়েছে জানিয়ে ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ নাজনীন ফেরদৌস বলছিলেন, প্রথম শ্রেণীর ভর্তি লটারি ১০, ১১, ১২ ও ১৩ ডিসেম্বর সকাল আটটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত বেইলি রোডের মূল ক্যাম্পাসে আয়োজন করা হয়েছে। অধ্যক্ষ লটারিসহ ভর্তির সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সহযোগিতা কামনা করেন। এর আগে গত ১৬ অক্টোবর ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করে স্কুল কর্তৃপক্ষ। ২৫ অক্টোবর ভর্তি আবেদন শুরু হয় ভিকারুননিসা নূন স্কুলে। অনলাইন আবেদন চলে ১ নবেম্বর পর্যন্ত। এছাড়াও বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ করার পর দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণী আসন সংখ্যা ঘোষণা করে এ স্তরে ভর্তি শুরু হবে। ভিকারুননিসা নূন স্কুলের বসুন্ধরা, ধানমণ্ডি, আজিমপুর ও বেইলি রোড ক্যাম্পাসে প্রথম শ্রেণীর দিবা-প্রভাতি শাখায় বাংলা ও ইংলিশ ভার্সনে প্রায় এক হাজার ২০০টি শূন্য আসন রয়েছে। এসব আসনে ২০ হাজারের বেশি আবেদন জমা হয়। সেখান থেকে প্রাথমিক যাচাই-বাছাই করে প্রায় ৯ হাজার আবেদনকারীকে নির্বাচন করা হয়েছে। প্রাথমিক নির্বাচিতদের তালিকা নোটিস বোর্ডে আগেই দেয়া হয়েছে।

**মতিঝিল আইডিয়ালে ১৩ ও ১৪ ডিসেম্বর ॥** ১৩ ও ১৪ ডিসেম্বর অনুষ্ঠিত হবে মতিঝিল আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের প্রথম শ্রেণীর লটারির ড্র। ১৮ ও ২০ ডিসেম্বর অনুষ্ঠিত হবে দুটি শ্রেণীর ভর্তি পরীক্ষা। কলেজের অধ্যক্ষ ড. শাহান আরা বেগম জানিয়েছেন, আমাদের সকল প্রস্তুতি শেষ। লটারির জন্য দুটি দিন আমরা ঠিক করেছি। ১৩ ডিসেম্বর মূল ক্যাম্পাসের বালক, বালিকা শাখার বাংলা ও ইংরেজী ভার্সনের লটারির ড্র হবে। এছাড়া একই দিনে হবে বনশ্রী শাখার ইংলিশ ভার্সনের বালক ও বালিকার লটারির ড্র। ১৪ তারিখ হবে বনশ্রী ও মুগদা শাখার বাংলা বালক ও বালিকার লটারির ড্র। এছাড়া দুটি শ্রেণীতে ভর্তি পরীক্ষা নেয়া হবে বলে জানান অধ্যক্ষ। ১৮ ডিসেম্বর ও ২০ ডিসেম্বর দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর ভর্তিতে পরীক্ষা নেয়া হবে। এক প্রশ্নের জবাবে অধ্যক্ষ শাহান আরা জানান, এবার ১৪ হাজারেরও বেশি আবেদন জমা পড়েছে। আসন আছে ৮০০।

**সরকারী স্কুলে বয়স সঙ্কট! ॥** সরকারী মাধ্যমিক স্কুলে ভর্তির বয়স নিয়ে নানা তথ্য প্রকাশ হওয়ায় ভর্তি সঙ্কটে পড়েছে অনেক শিশু। জেলা প্রশাসক কার্যালয় থেকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ১ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বরের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। যেখানে বলা হয়েছে, ২০১৮ শিক্ষাবর্ষে বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য বয়সসীমা নির্ধারণ করা হয়েছে ১১ বছর প্লাস। অথচ চলতি বছর প্রাথমিক সমাপনীতে অংশ নেয়া শিশুদের বয়স ১০ বছর প্লাস। এ কারণে অনেকেই অনলাইনে ভর্তির আবেদন করতে গিয়ে চিন্তায় পড়েছে। অভিভাবকরা পড়েছে বিভ্রান্তিতে।